ইসরায়েলি ড্রোন হামলায় আলজাজিরার সাংবাদিক নিহত



আল জাজিরার সাংবাদিক মোহাম্মদ উইশাহ। ছবি: সংগৃহীত

গাজা উপত্যকায় ইসরায়েলের এক ড্রোন হামলায় আল জাজিরার সাংবাদিক মোহাম্মদ উইশাহ নিহত হয়েছেন।

আল জাজিরার তথ্যে জানা যায়, গাজা সিটির পশ্চিমাঞ্চলের উপকূলীয় সড়ক আল-রাশিদ স্ট্রিটে একটি গাড়িতে অবস্থানকালে তিনি হামলার শিকার হন। হামলার পরপরই গাড়িটিতে আগুন ধরে যায় এবং ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

নিহত উইশাহ গাজাভিত্তিক সংবাদদাতা হিসেবে কাজ করতেন এবং ২০১৮ সাল থেকে আল জাজিরার সঙ্গে যুক্ত ছিলেন।

এ ঘটনায় তীব্র নিন্দা জানিয়েছে আল জাজিরা মিডিয়া নেটওয়ার্ক। তারা একে আন্তর্জাতিক আইন ও মানবাধিকারের সুস্পষ্ট লঙ্ঘন হিসেবে উল্লেখ করে বলেছে, সাংবাদিকদের ওপর ধারাবাহিকভাবে চালানো হামলারই এটি আরেকটি উদাহরণ।

LENS ASIA

গাজার সরকারি মিডিয়া অফিসের তথ্য অনুযায়ী, ২০২৩ সালের অক্টোবর থেকে শুরু হওয়া সংঘাতে এখন পর্যন্ত অন্তত ২৬২ জন সাংবাদিক প্রাণ হারিয়েছেন।

অন্যদিকে, গাজায় অবস্থানরত আল জাজিরার প্রতিবেদক জানিয়েছেন, যুদ্ধবিরতি কার্যকর থাকলেও ইসরায়েলের হামলা থামেনি; বরং এতে পরিস্থিতি আরও জটিল ও উদ্বেগজনক হয়ে উঠছে।